

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
ফটিকছড়ি, চট্টগ্রাম।

স্মারক নং-৪১.০১.১৫৩৩.০০০.১৬.০০০.২১ - ৪৮৫

তারিখঃ- ০৭/০৭/২০২০

“সভার বিজ্ঞপ্তি”

এতদ্বারা সম্মানিত সকল সদস্যগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক কমিটির এক সভা আগামী ০৫/০৭/২০২১ ইং তারিখ বিকাল ৩:০০ ঘটিকার সময় অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

স্থান : মহিলা ভাইস-চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষে।

আলোচ্যসূচীঃ-

- ০১। মুক্তিযোদ্ধাদের সম্মাননার জন্য বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন।
- ০২। নতুন প্রজন্ম মুক্তিযুদ্ধের ইতিহাস, চেতনা, মূল্যবোধ জাগ্রত করা।
- ০৩। বিবিধ।

Rahim
০৩. ০৭. ২০ ২১
(রাজীব আচার্য্য)

উপজেলা সমাজসেবা অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক কমিটি
ফটিকছড়ি, চট্টগ্রাম।

সদয় জ্ঞাতার্থেঃ-

- ১। উপজেলা নির্বাহী অফিসার, ফটিকছড়ি, চট্টগ্রাম।

সদয় কার্যার্থে অনুলিপিঃ-

- ০১। মহিলা ভাইস- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফটিকছড়ি, চট্টগ্রাম
- ০২। চেয়ারম্যান, বাগান বাজার ইউপি, ফটিকছড়ি, চট্টগ্রাম।
- ০৩। চেয়ারম্যান, নারায়নহাট ইউপি, ফটিকছড়ি, চট্টগ্রাম।
- ০৪। চেয়ারম্যান, সুয়াবিল ইউপি, ফটিকছড়ি, চট্টগ্রাম।

উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক কমিটির ১১নং সভার কার্যবিবরণী।


সভাপতি : জনাব জেবুর নাহার মুক্তা, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফটিকছড়ি, চট্টগ্রাম।
সভার তারিখ : ০৫/০৭/২০২১ খ্রিঃ।
সময় : বিকাল ৩:০০ ঘটিকা।
স্থান : মহিলা ভাইস-চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষে।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম, নাম, পদবী ও স্বাক্ষরঃ- পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি মুক্তিযোদ্ধা কমিটির সদস্য-সচিবকে আলোচ্যসূচী নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ করেন। অতঃপর সদস্য-সচিব নভাকে নিম্নবর্ণিত আলোচ্যসূচীর উপর আলোকপাত করেন।

০১. বিগত সভার কার্যবিবরণ পাঠ করে শুনানো হয়। সভায় উপস্থিত ০৫ জনই পক্ষে মত দেয়ায় ১০০% ভোটে সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় নিম্নলিখিত বিষয়ে আলোচনা ও সুপারিশ সমূহ গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সুপারিশ	পরিষদের সভায় উপস্থাপনকারী
মুক্তিযোদ্ধাদের সম্মাননার জন্য বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন।	মুক্তিযোদ্ধাদের সম্মাননার জন্য বিভিন্ন অনুষ্ঠান আয়োজন করার জন্য আলোচনা করা হয়।	উপজেলা পরিষদ কর্তৃক মুক্তিযোদ্ধাদের সম্মাননার জন্য বিভিন্ন অনুষ্ঠান আয়োজন করার লক্ষ্যে সুপারিশ সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমাজসেবা অফিসার
নতুন প্রজন্ম মুক্তিযুদ্ধের ইতিহাস, চেতনা, মূল্যবোধ জাগ্রত করা।	নতুন প্রজন্ম মুক্তিযুদ্ধের ইতিহাস, চেতনা, মূল্যবোধ জাগ্রত করার বিষয় আলোচনা করা হয়।	নতুন প্রজন্ম তথা সকল নাগরিকের মুক্তিযোদ্ধাদের ইতিহাস চেতনা, মূল্যবোধ জাগ্রত করার লক্ষ্যে উপজেলা পরিষদ কর্তৃক মুক্তিযোদ্ধা সম্পর্কিত বিভিন্ন বই সংগ্রহ করে সংরক্ষণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমাজসেবা অফিসার



(জেবুর নাহার মুক্তা)

উপজেলা মহিলা ভাইস-চেয়ারম্যান
উপজেলা পরিষদ ফটিকছড়ি

ও

সভাপতি

উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক কমিটি
ফটিকছড়ি, চট্টগ্রাম।